

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০২৮.২০.২৬৫৬

তারিখ : ১৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবা গ্রহীতাদের
অবহিতকরণের লক্ষ্যে ২০/১০/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে গত ২০/১০/২০২০ খ্রি. তারিখ এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

Handwritten signature

(মোঃ আলী হায়দার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৮১২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
৫. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৭. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৮. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের লক্ষ্যে ২০/১০/২০২০খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আখতার হোসেন
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২০ অক্টোবর, ২০২০ খ্রি.
সময় : বেলা ১১:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য যুগ্মসচিব (প্রশাসন)-কে অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) প্রারম্ভিক বক্তব্য উপস্থাপন করেন এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের উপর গুরুত্বারোপ করেন। সেবা গ্রহীতাদেরকে দ্রুততম সময়ের মধ্যে যাতে সেবা প্রদান নিশ্চিত করা যায় সেজন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন্স চার্টার-এ সেবার নাম, সেবাদান পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান ও সেবাদানের সময়সীমা নির্ধারণপূর্বক নিয়মিত তদারকি/মনিটরিং জোড়াদারকরণ করার লক্ষ্যে সভাপতি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল সদস্যকে পরামর্শ প্রদান করেন। তাছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সেবা গ্রহীতা প্রাপ্য সেবা থেকে বঞ্চিত হলে অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবী, ফোন, মোবাইল, ই-মেইল নম্বর অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়াও দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সঠিকভাবে ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (খ) স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সেবা গ্রহীতাদেরকে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- (গ) দপ্তর/সংস্থার প্রধানগণ সরকারী নির্দেশনার আলোকে সিটিজেন্স চার্টার প্রতিনিয়ত হালনাগাদ করবেন এবং সে অনুযায়ী সেবা দিবেন;

- (ঘ) সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ কমিটি যথাযথভাবে সিটিজেন্স চার্টার পরিবীক্ষণ করবেন, যেন যথাসময়ে সেবা দেয়া হয়।
- (ঙ) দপ্তর/সংস্থার প্রধানগণ তাঁদের আওতাধীন সংস্থার স্টেকহোল্ডারদের নিয়ে সিটিজেন্স চার্টার বিষয়ে সভা করবেন। তাছাড়া দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে আপলোড এর পাশাপাশি জনগণকে বা প্রত্যাশী ব্যক্তিকে সেবা প্রদানের লক্ষ্যে দৃশ্যমান স্থানে প্রদর্শন করবেন।

০৩। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আখতার হোসেন)

সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।